

উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভার কার্য বিবরণী
সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন লিটা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
স্থান : ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর মহোদয়ের অফিস কক্ষ।
সভার তারিখ : ০১/০৫/২০২২ খ্রিষ্টাব্দ, রোজ- রবিবার, সময় : সকাল ১০.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম তালিকা : পরিশিষ্ট 'ক'

সভায় শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অদ্যকার সভায় জনাব আবুল হোসেন, চেয়ারম্যান, জামালপুর সদর, জামালপুর উপস্থিত ছিলেন। উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর ও সদস্য সচিব, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।
উক্ত কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ় করণ করা হয়। অতঃপর উপজেলা শিক্ষা অফিসার এজেন্ডা ভিত্তিক আলোচনা করেন।


১। ২০২১-২২ অর্থ বছরের ম্যানেজিং কমিটি গঠন : উপজেলা শিক্ষা অফিসার সভায় ১৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত বিষয়, সভায় উপস্থাপন করেন। উক্ত ১৬টি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত উক্ত ১৬টি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিষয় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে উক্ত ১৬টি বিদ্যালয়গুলির ম্যানেজিং কমিটি পরবর্তী উপজেলা শিক্ষা কমিটির সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

২। রুটিন মেইনটেনেন্স ও ওয়াশব্লকের এর কাজ সংক্রান্ত : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের স্মারক নং-৩৮.১৫০.১৮০.০২৬.০০.০০.৪৬(২)২০১৮-১৯৫, তারিখ-১৬/৫/২০২২খ্রিঃ মূলে পিইডিপি-৪ এর আওতায় ২০২১-২২ অর্থ বছরে অত্র উপ-জেলায় ১৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের =২,০০,০০০/= টাকা হারে মোট =৩৬,০০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ পত্রের নীতিমালার আলোকে এলজিইডি কর্তৃক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলন অনুমোদন প্রয়োজন। উপজেলা শিক্ষা অফিসার সভায় তা অনুমোদন সহ চূড়ান্ত বিল পরিশোধের বিষয়ে আলোচনা করেন।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন সমূহ অনুমোদন করা হয়। তবে চূড়ান্ত বিল পরিশোধের জন্য পূর্বের নিয়মে নীতিমালা মোতাবেক কাজ শুরুর পূর্বের ছবি ও কাজ সমাপ্তির পরের ছবি দাখিলসহ উপজেলা প্রকৌশলীর প্রত্যয়ন এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণের সরেজমিনে পরিদর্শনের প্রেক্ষিতে উপজেলা শিক্ষা অফিসারকে চূড়ান্ত বিল প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণকে সমান সংখ্যক বিদ্যালয়ের মেরামত কাজ তদারকি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফারজানা ইয়াছমিন লিটা)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ জামালপুর সদর

ও

সভাপতি


উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি।

তারিখ : ০১/০৫/২০২২ খ্রি.।

স্মারক নং- উশিঅ/জামালপুর সদর/২০২২/৩৬৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। জনাব আবুল হোসেন, চেয়ারম্যান, জামালপুর সদর, জামালপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ৩। জনাব ফারজানা ইয়াছমিন লিটা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ৪। জনাব -----, ও সদস্য, প্রাথমিক ও গণশিক্ষা কমিটি জামালপুর সদর, জামালপুর।
- ৫। অফিস কপি।


উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
উপজেলা শিক্ষা অফিসার
জামালপুর সদর, জামালপুর।